# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫৭১

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪০) ইচ্ছাকৃতভাবে নামায পরিত্যাগ করা ও অলসতা বশতঃ নামাযের সময় পার করে দেয়ার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من ترك الصلاة تعمدا وإخراجها عن وقتها تهاونا

আরবী

(حسن لغيره) و عَنْ أُمَيْمَةَ، مَوْلاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، قَالَتْ: كُنْتُ أَصُبُّ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وُضُوءَهُ فَدَخَلَ رَجُلٌ، فَقَالَ: أَوْصِنِي، فَقَالَ:لا تُشْرِكْ بِاللَّهِ شَيْئًا، وَإِنْ قُطِّعْتَ وَحُرِّقْتَ بِالنَّارِ، وَلا تَعْصِ وَالِدَيْكَ وَإِنْ أَمَرَاكَ أَنْ تُخَلِّيَ عَنْ أَهْلِكَ وَدُنْيَاكَ فَتُخَلِّهِ، وَلا تَشْرَبَنَّ خَمْرًا، فَإِنَّهَا مفتاح كُلِّ شَرٍّ، وَلا تَتْرُكَنَّ صَلاةً مُتَعَمِّدًا، فَمَنْ فَعَلَ ذَلِكَ بَرِئَتْ مِنْهُ ذِمَّةُ اللَّهِ وَذِمَّةُ رَسُولِهِ. رواه الطبراني

বাংলা

৫৭১. (হাসান লি গাইরিহী) রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর আযাদকৃত দাসী উমাইমা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি একদা রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে ওযুর পানি ঢেলে দিচ্ছিলাম। এমন সময় একজন লোক প্রবেশ করল। বলল আমাকে কিছু নসীহত করুন।

তিনি বললেনঃ "তুমি আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করবে না- যদিও তোমাকে কেটে টুকরো করে দেয়া হয় বা আগুনে পুড়িয়ে ফেলা হয়। পিতা-মাতার অবাধ্য হবে না- যদিও তারা তোমাকে তোমার পরিবার ও দুনিয়ার ধন-সম্পদ পরিত্যাগ করার নির্দেশ দেয়। মদ্যপান করবে না। কেননা উহা সকল খারাপ কাজের চাবি। ইচ্ছাকৃতভাবে নামায পরিত্যাগ করবে না। কেননা যে এরূপ করবে, তার থেকে আল্লাহ্ ও রাসূলের জিম্মাদারী মুক্ত হয়ে যাবে।" (হাদীছটি বর্ণনা করেছেন ত্বাবরানী)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ উমায়মা বিনতে রুকায়কা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88442

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন